বাংলাদেশে চালু হচ্ছে ট্যুরিস্ট সিম

বিশ্বের বিভিন্ন দেশের মতো বাংলাদেশে ট্যুরিস্ট সিম চালু করতে যাচ্ছে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)। সম্প্রতি এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায় বিটিআরসি।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ট্যুরিস্টদের জন্য ৭, ১৫, ৩০ দিন মেয়াদে এ সিম কার্ডগুলো সচল থাকবে। বাংলাদেশের যেকোনো স্থল, নৌ ও বিমানবন্দর থেকে এ সিম সংগ্রহ করা যাবে।

ট্যুরিস্ট সিম একটি নির্দিষ্ট ব্লকের বাইরে দিতে পারবে না অপারেটরগুলো। এই সিম রূপান্তর করা যাবে না। যদি দীর্ঘমেয়াদী সিম প্রয়োজন হয় তবে বিডার ওয়ার্ক পারমিটের মাধ্যমে নিতে পারবে।

বিদেশি বা পর্যটকদের জন্য ভিন্ন অফারও প্যাকেজ দিতে পারবে অপারেটরগুলো। তবে দেশে ও বিদেশে ডেটা, ভয়েস, এসএমএস ও কম্বো প্যাকেজের বাইরে আর কোনো প্যাকেজ অফার করতে পারবে না। সেন্ট্রাল বায়োমেট্রিক ভেরিফিকেশন মনিটরিং প্ল্যাটফর্মে এ সিম আলাদাভাবে চিহ্নিত করা হবে। একটি পাসপোর্টে সর্বোচ্চ দুটি সিম নিবন্ধন করা যাবে। থাকবে ই-সিম সুবিধাও।

সূত্র: ইত্তেফাক

উইকিপিডিয়ায় এ বছর বেশি দেখা হয়েছে যে ১০ বিষয়

অনলাইনে বিভিন্ন তথ্য জানতে আমরা অনেকেই উইকিপিডিয়ার দ্বারস্থ হই। বিশ্বের লাখো মানুষ প্রতিদিন বিভিন্ন বিষয়ে জানতে অনলাইন এ বিশ্বকোষে ঢুঁ মারেন। সম্প্রতি উইকিপিডিয়া নিজেদের ইংরেজি ভাষার ওয়েবসাইটে ২০২২ সালের সবচেয়ে বেশি দেখা ১০টি বিষয়ের প্রবন্ধের নাম জানিয়েছে। বছরজুড়ে যেসব প্রবন্ধ সবচেয়ে বেশি বার দেখা হয়েছে,

সেগুলোর তালিকা দেখে নেওয়া যাক—

জেফরি ডাহমার

চলতি বছরে উইকিপিডিয়ায় সর্বাধিকবার দেখা হয়েছে মার্কিন সিরিয়াল কিলার জেফরি ডাহমারের পেজটি। পেজটি ৫ কোটি ২৬ লাখ ৫০ হাজারের বেশি বার দেখা হয়েছে।

তবে তাঁকে নিয়ে পেজটি সর্বাধিকবার দেখার নেপথ্যে কাজ করেছে একটি নেটফ্লিক্স সিরিজ। তাঁর কাহিনি অবলম্বনে নির্মিত ওই সিরিজ চলতি বছরই মুক্তি পায়।

রাশিয়ার ইউক্রেন আক্রমণ
চলতি বছরের সবচেয়ে গুরুত্বপূর্ণ ঘটনা ইউক্রেনে রাশিয়ার আক্রমণ। এখনো দুই দেশের মধ্যে যুদ্ধ চলছে। যুদ্ধে বহু মানুষের প্রাণহানিসহ বিশ্বজুড়ে নেতিবাচক প্রভাব ফেলেছে। যুদ্ধ নিয়ে উইকিপিডিয়ার এ পেজ প্রায় ৪ কোটি ৭৫ লাখ বার দেখা হয়েছে।

রানি দ্বিতীয় এলিজাবেথ

চলতি বছরের ৮ সেপ্টেম্বর যুক্তরাজ্যের রানি দ্বিতীয় এলিজাবেথ মারা যান। তিনি ৭০ বছর ২১৪ দিন সিংহাসনে আসীন ছিলেন। তাঁর পেজটি প্রায় ৪ কোটি ২৬ লাভ বার দেখা হয়েছে।

চলতি বছরে মৃত্যু (ডেথ ইন ২০২২)
চলতি বছরে অনেক বিখ্যাত ব্যক্তি মারা গেছেন। উইকিপিডিয়ার এ পেজে সেসব মৃত ব্যক্তির নাম, বয়স, নাগরিকত্ব, জাতীয়তা, উল্লেখযোগ্য অবদান ও মৃত্যুর কারণ লেখা আছে। পেজটি প্রায় ৪ কোটি ১১ লাখ বার দেখা হয়েছে।

ফিফা বিশ্বকাপ ২০২২

আরব বিশ্বের দেশ কাতারে চলতি বছরের ২০ নভেম্বর থেকে ১৮ ডিসেম্বর অনুষ্ঠিত হয়েছে ফিফা বিশ্বকাপ। বিশ্বকাপ আয়োজনের বিভিন্ন তথ্য নিয়ে সাজানো পেজটি প্রায় ৩ কোটি ৮ লাখ বার দেখা হয়েছে।

ইলন মাস্ক

আগেও বিভিন্ন সময়ে খবরের শিরোনাম হয়েছেন ইলন মাস্ক। তবে চলতি বছর তাঁর টুইটার কেনার সিদ্ধান্ত ব্যাপক হইচই ফেলে প্রযুক্তি

বিশ্বে। তাঁর পেজটি প্রায় ২ কোটি ৫৫ লাখ বার দেখা হয়েছে।

ভ্লাদিমির পুতিন

ইউক্রেন আক্রমণের ফলে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন চলতি বছরের আলোচিত ব্যক্তিদের একজন হয়ে উঠেন। তাঁর পেজটি প্রায় ২ কোটি সাড়ে ৪৬ লাখ বার দেখা হয়েছে।

ব্রিটিশ রাজা তৃতীয় চার্লস

চলত বছর রানি দ্বিতীয় এলিজাবেথের মৃত্যুর পর ৭৩ বছর বয়সে ব্রিটিশ সিংহাসনে বসেন রাজা তৃতীয় চার্লস। তাঁর পেজটি দেখা হয়েছে প্রায় ২ কোটি ২৯ লাখ বার।

ইউক্রেন
গত ফেব্রুয়ারিতে ইউক্রেন আক্রমণ করে রাশিয়া। মে মাসের মধ্যে ৮০ লাখ ইউক্রেনীয় বাস্তুচ্যুত হয়ে পড়ে এবং নভেম্বরে মধ্যে ৭৮ লাখ দেশ ছেড়ে পালায়। পেজটি দেখা হয়েছে প্রায় ২ কোটি ২৪ লাখ বার।

অ্যাম্বার হার্ড

চলতি বছরের এপিল থেকে জুন পর্যন্ত জনি ডেপ ও অ্যাম্বার হার্ডের মধ্যে মানহানির মামলার বিচার চলে। চলতি ডিসেম্বরে জনির বিরুদ্ধে মামলা নিষ্পত্তি করেন হার্ড। তাঁর পেজটি প্রায় ১ কোটি ৯৫ লাখ বার দেখা হয়েছে।

সূত্র: ইন্ডিয়া টাইমস

এক মিনিটে খোলা যাবে ডেলের লুনা ল্যাপটপ

গত বছরের ডিসেম্বর মাসে কনসেপ্ট লুনা ল্যাপটপের নকশা উন্মুক্ত করেছিল মার্কিন প্রযুক্তি প্রতিষ্ঠান ডেল। টেকসই ল্যাপটপ তৈরির অংশ হিসেবে এবার সেই নকশার ল্যাপটপে রোবটিকস প্রযুক্তি

ব্যবহারের মাধ্যমে মেরামতের গতি বাড়ানোর ধারণা দিয়েছে প্রতিষ্ঠানটি।

ডেলের তথ্যমতে, প্রতিষ্ঠানটির ২০১৭ ল্যাটিটিউড ই৫২৭০ মডেলের ল্যাপটপে মেরামত যোগ্যতার সূচক ছিল ১০-এ ১০। তবে নতুন এ ল্যাপটপে ভেতরের বিভিন্ন যন্ত্রাংশ অল্প আঠা এবং সোল্ডারিংয়ের মাধ্যমে যুক্ত থাকার পাশাপাশি মাত্র চারটি স্ক্রু ব্যবহার করায় সূচকের মান আরও নিখুঁত হবে।

একটি স্ক্রু খুলেই এই নকশার ল্যাপটপের কি-বোর্ড, পর্দা, ফ্যান, ব্যাটারি, মাদারবোর্ড এবং স্পিকারগুলো মেরামত করা যাবে। ফলে সময় কম লাগবে। ল্যাপটপে ব্যবহার করা টেলিমেট্রি প্রযুক্তির বিষয়ে ডেল কর্তৃপক্ষ জানিয়েছে, মূলত ভিন্ন ভিন্ন ধাপে বিভিন্ন যন্ত্রাংশ নষ্ট হওয়ার সমস্যা দ্রুত শনাক্তের কাজ করবে এ প্রযুক্তি।

কনসেপ্ট লুনা ল্যাপটপের বিষয়ে বিস্তারিত জানাতে রোবটের মাধ্যমে এক মিনিটে ল্যাপটপটির পুরো যন্ত্রাংশ খুলে আলাদা করে দেখিয়েছে ডেল। ভিডিওতে দেখা গেছে, ল্যাপটপের পর্দার নিচে একটি পিন প্রবেশ করালেই পুরো পর্দা মূল অংশ থেকে বিচ্ছিন্ন হয়ে যায়। ডেলের এই ল্যাপটপ এখনো একটি ধারণামাত্র এবং তা বিক্রির জন্য নয়।

সূত্র: জেডডিনেট

জিমেইলে চালু হচ্ছে এনক্রিপশন–সুবিধা

জিমেইলে লেনদেন করা বার্তার নিরাপত্তায় ক্লায়েন্ট সাইড এনক্রিপশন–সুবিধা চালু করছে গুগল। এ সুবিধা চালু হলে ব্যবহারকারীদের পাঠানো ই-মেইল বার্তা বিশেষ কোডের মাধ্যমে প্রাপকের কাছে পাঠানো হবে। প্রাপকের কাছে পৌঁছানোর পরই কেবল সংকেত বা কোডযুক্ত ই-মেইলগুলো পড়া যাবে। ফলে নির্দিষ্ট ব্যক্তি ছাড়া অন্য কেউ বার্তায় থাকা তথ্য জানতে পারবেন না। এরই

মধ্যে নির্দিষ্টসংখ্যক ব্যবহারকারীর ওপর এ সুবিধার কার্যকারিতা পরখ করছে প্রতিষ্ঠানটি।

বর্তমানে জিমেইলে ট্রান্সপোর্ট লেয়ার সিকিউরিটি প্রযুক্তি ব্যবহার করে ই-মেইলে থাকা বার্তা এনক্রিপ্ট করে লেনদেন করা হয়। এ প্রযুক্তিতে ব্যবহারকারীদের ই-মেইল এনক্রিপ্ট আকারে বিনিময় করা হলেও সেগুলো স্ক্যান করে গুগল। স্প্যাম বা ভাইরাসযুক্ত ই-মেইল শনাক্তের পাশাপাশি প্রাপককে স্মার্ট রিপ্লাই সুযোগ দিতেই এমনটি করে থাকে প্রতিষ্ঠানটি।

এ সুবিধা চালু হলে নিজেদের সার্ভারে থাকা ই-মেইলগুলোর তথ্য গুগলের পক্ষেও জানা সম্ভব হবে না। ফলে জিমেইলে তথ্য বিনিময়ের নিরাপত্তা বর্তমানের তুলনায় আরও বৃদ্ধি পাবে। শিগগিরই এ সুবিধা চালু করা হবে। নতুন এ সুবিধা প্রাথমিকভাবে গুগল ওয়ার্কপ্লেস ব্যবহারকারীদের জন্য উন্মুক্ত করা হবে।

উল্লেখ্য, বর্তমানে গুগল ড্রাইভ, গুগল মিট, গুগল ক্যালেন্ডার, গুগল ডকস, শিটস ও স্লাইডসে ক্লায়েন্ট সাইড এনক্রিপশন–সুবিধার মাধ্যমে তথ্য লেনদেন করা যায়।

সূত্র: ব্লিপিং কম্পিউটার

এনক্রিপশন কীভাবে তথ্য নিরাপদ রাখে

অনলাইনে আদান-প্রদান করা তথ্যের নিরাপত্তায় গোপনীয়তা সুরক্ষার বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ। আর তাই ব্যবহারকারীদের নিরাপত্তায় নিজেদের মেসেজিং অ্যাপ ও ই-মেইল সেবায় এনক্রিপশন পদ্ধতি ব্যবহার করে বিভিন্ন প্রযুক্তিপ্রতিষ্ঠান। প্রতিষ্ঠানগুলোর দাবি, এন্ড-টু-এন্ড এনক্রিপশন পদ্ধতিতে বার্তা বা তথ্য পাঠালে প্রেরক ও প্রাপক ছাড়া অন্য কেউ জানতে পারেন না। ফলে তথ্য নিরাপদ থাকে।

এন্ড-টু-এন্ড এনক্রিপশন কী

এন্ড-টু-এন্ড এনক্রিপশন মূলত অনলাইনে নিরাপদে যোগাযোগের পদ্ধতি। এ পদ্ধতিতে প্রেরকের কাছ থেকেই বার্তাতে বিশেষ সংকেত (কোড) যুক্ত করে প্রাপকের কাছে পাঠানো হয়। প্রাপকের কাছে পৌঁছানোর পর কোডযুক্ত বার্তাকে আবার সাধারণ বার্তায় পরিণত করে। এতে নির্দিষ্ট ব্যক্তি ছাড়া অন্য কেউ বার্তায় থাকা তথ্য জানতে পারেন না। এমনকি তথ্য বিনিময় করা অ্যাপ বা যোগাযোগমাধ্যমগুলোর পক্ষেও কোনো তথ্য জানা সম্ভব হয় না।

যেভাবে কাজ করে
এন্ড-টু-এন্ড এনক্রিপশন পদ্ধতিতে প্রেরক ও প্রাপকের কাছে দুটি নম্বর থাকে, যাদের ‘কি’ বলা হয়। একটি কি পাবলিক এবং অন্যটি প্রাইভেট নামে পরিচিত। পাবলিক কি পাঠানোর আগেই বার্তাতে বিশেষ সংকেত যুক্ত করে। আর এই বিশেষ সংকেত থেকে বার্তাকে পুনরায় পাঠের উপযোগী করে ব্যক্তিগত কি। এ জন্য সময়ও লাগে খুব কম। ফলে অনেকে বুঝতেই পারেন না, বার্তায় সংকেত যুক্ত করে বিনিময় করা হয়েছে; অর্থাৎ কোনো ব্যক্তি এন্ড-টু-এন্ড এনক্রিপশন সুবিধায় বার্তা পাঠালে প্রাপক পড়ার আগেই বার্তাটিতে স্বয়ংক্রিয়ভাবে পাবলিক এবং প্রাইভেট কি যুক্ত হয়ে যায়। বার্তার উত্তর পাঠালে একই পদ্ধতিতে সেই ব্যক্তির কাছে বার্তা ফিরে আসে। ফলে নিরাপদে একে অপরের সঙ্গে বার্তা বিনিময় করা যায়।

এনক্রিপশন পদ্ধতিতে বার্তা বিনিময়ের সময় মূলত দুটি মৌলিক সংখ্যা ব্যবহৃত হয়। এই দুটি সংখ্যা জানা থাকলেই কেবল সংকেতযুক্ত বার্তার পাঠ উদ্ধার করা সম্ভব। স্বয়ংক্রিয়ভাবে এ সংখ্যা পরিবর্তিত হওয়ায় সাইবার অপরাধী বা তৃতীয় কোনো পক্ষ সহজে এনক্রিপশন পদ্ধতির নিরাপত্তাব্যবস্থা ভাঙতে পারে না। ফলে নিরাপদে বার্তা বিনিময় করা যায়।

সূত্র: প্রথমআলো

৪ লাখ ৪২ হাজার ডলারে বিক্রি

হলো অ্যাপল-১ কম্পিউটার

অ্যাপল কম্পিউটারের দুই প্রতিষ্ঠাতা স্টিভ জবস ও স্টিভ ওজনিয়াকের হাতে তৈরি প্রথম অ্যাপল কম্পিউটারের নিলাম হয়েছে বহুবার। প্রযুক্তিপণ্য নির্মাতা প্রতিষ্ঠান অ্যাপলের শুরুর দিকের কম্পিউটার ‘অ্যাপল ১’ স্মারক হিসেবে রাখার ব্যাপারে আগ্রহী ব্যক্তির সংখ্যাও কম নয়। আর তাই এবার স্টিভ জবসের হাতে লেখা নম্বরযুক্ত সচল ‘অ্যাপল-১’ কম্পিউটারের দাম নিলামে পৌনে ৪ লাখ ডলার উঠতে পারে বলে ধারণা করেছিল যুক্তরাষ্ট্রের বোস্টনভিত্তিক নিলাম প্রতিষ্ঠান আরআর অকশন। কিন্তু তাদের ধারণা ভুল প্রমাণিত করে ৪ লাখ ৪২ হাজার ১১৮ ডলারে বিক্রি হয়েছে কম্পিউটারটি।

আরআর অকশনের তথ্যমতে, প্রায় ৪৫ বছর আগের কম্পিউটারটি এখনো সচল রয়েছে। ১৫ ডিসেম্বর পর্যন্ত চলা এই নিলামে প্রথমেই এ কম্পিউটারের দাম পৌনে ৪ লাখ ডলার হাঁকা হয়।

চার দশক আগে বাড়ির গ্যারেজে স্টিভ জবস ও ওজনিয়াক মিলে অ্যাপল গড়ে তোলেন। সেখানে তাঁরা তৈরি করেন ‘অ্যাপল-১’ কম্পিউটার। কম্পিউটারটি মূলত একটি মাদারবোর্ড। কেসিং, মনিটর ও কি-বোর্ড আলাদা করে যুক্ত করে ব্যবহার করতে হয় কম্পিউটারটি।

সূত্র: ম্যাকরিউমারস ডটকম

জিমেইলে নাম বদলাবেন যেভাবে

জিমেইলের সঙ্গে দেখানো নাম ই-মেইল ঠিকানার মতোই গুরুত্বপূর্ণ। কারণ, কারও কাছে ই-মেইল পাঠালে ইনবক্সে প্রেরকের নামই প্রথম দেখা যায়। ফলে প্রাপক নাম দেখে ই-মেইল খুলবেন, না এড়িয়ে যাবেন, সে সিদ্ধান্ত নিয়ে থাকেন। ফলে, ব্যক্তি বা প্রতিষ্ঠানের নামের কারণে অনেক সময় অপরিচিত ব্যক্তিদের সঙ্গে যোগাযোগ করা যায় না। চাইলে জিমেইলে থাকা নাম পরিবর্তন করে এ সমস্যার সমাধান করা সম্ভব।জিমেইলে নাম পরিবর্তনের জন্য অবশ্যই জিমেইলের ওয়েব সংস্করণ ব্যবহার করতে হবে। কারণ, অ্যান্ড্রয়েড বা আইওএস অ্যাপ দিয়ে

জিমেইলের নাম পরিবর্তন করা যায় না।

নাম পরিবর্তনের জন্য কম্পিউটারে জিমেইল চালু করে সাইন ইন করে ওপরের ডান দিকের কোনায় থাকা সেটিংস আইকনে ক্লিক করতে হবে। এবার অল সেটিংস নির্বাচনের পর অ্যাকাউন্ট অ্যান্ড ইমপোর্ট ট্যাবে ক্লিক করে সেন্ড মেইল সেকশনে এডিট ইনফো নির্বাচন করলেই নতুন ট্যাব চালু হবে। এখানে জিমেইলের নামসহ বিভিন্ন তথ্য পরিবর্তন করা যাবে। এবার ট্যাব চালু হলে নেম সেকশনের ফাঁকা বক্সে নতুন নাম লিখে সেভ চেঞ্জেস বাটনে ক্লিক করলেই জিমেইলে নাম পরিবর্তন হয়ে যাবে।

জিমেইলে প্রদর্শিত ব্যবহারকারীর নাম এবং ইউজার নেম দুটি আলাদা জিনিস। জিমেইল ইউজার নেমের সঙ্গে ই–মেইল ঠিকানা যুক্ত থাকে। অর্থ্যাৎ, @জিমেইল ডটকম যুক্ত থাকে। গুগলের সব সেবার জন্য এই ইউজারনেম প্রাথমিক ই–মেইল ঠিকানা হিসেবে ব্যবহৃত হওয়ায় এটি পরিবর্তন করা যায় না।

সৌরজগতের বাইরে নতুন দুই ‘পানির পৃথিবী’

পৃথিবীর সৌরজগতের বাইরে ‘পানির চাদরে ঢাকা’ দুটি নতুন গ্রহ আবিষ্কারের দাবি করেছেন একদল মহাকাশ বিজ্ঞানী। মহাবিশ্বে এমন গ্রহের অস্তিত্ব এতদিন তত্ত্বীয় ধারণার মধ্যেই সীমাবদ্ধ ছিল; গবেষকরা তথ্যপ্রমাণ দিয়ে নিশ্চিত করতে পারেননি। তবে এবার আত্মবিশ্বাসের সঙ্গে ‘পানি রয়েছে এমন জগৎ’ আবিষ্কারের দাবি করলেন গবেষকরা। বৃহস্পতিবার বিজ্ঞান সাময়িকী নেচার অ্যাস্ট্রোনমিতে প্রকাশিত এক প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে।

গবেষকরা লিখেছেন, একটি লাল বামন নক্ষত্র ঘিরে চক্কর দিচ্ছে গ্রহ দুটি। পৃথিবীর সৌরজগৎ থেকে প্রায় ২১৪ আলোকবর্ষ দূরের এক সৌরজগতে কেপলার-১৩৮সি এবং কেপলার-১৩৮ডি নামের গ্রহ দুটির অবস্থান। আকারে পৃথিবীর দেড় গুণ বড় হলেও গ্রহ দুটির ভর পৃথিবীর প্রায় দ্বিগুণ।

প্রযুক্তিবিষয়ক সাইট সিনেট লিখেছে, অনলাইন ‘এক্সোপ্লানেট’ তালিকাতে নাসা এখনো কেপলার-১৩৮ডি’কে ‘সম্ভবত পাথুরে গ্রহ’ হিসাবে তালিকাভুক্ত করে রেখেছে। পৃথিবীর সূর্য নয়, ভিন্ন কোনো নক্ষত্রকে ঘিরে চক্কর দেয় এমন সব গ্রহকে এক নামে চিহ্নিত করতে ‘এক্সোপ্লানেট’ শব্দটি ব্যবহার করেন গবেষকরা।

নেচার অ্যাস্ট্রোনমিতে প্রকাশিত গবেষণা প্রতিবেদনের সহ-লেখক, ইউনিভার্সিটি অব মন্ট্রিয়ালের অধ্যাপক বিয়র্ন বেনেকি বলেন, ‘আমাদের আগের ধারণা ছিল যে পৃথিবীর চেয়ে আকারে কিছুটা বড় গ্রহগুলো আদতে পাথর আর বড় আকারের ধাতব বল ছাড়া কিছু নয়। এ কারণেই ওই গ্রহগুলোকে আমরা সুপার আর্থ বলে ডাকতাম। আমরা এবার প্রমাণ দেখিয়েছি যে ওই গ্রহ দুটি (কেপলার-১৩৮সি ও ডি) অনেকটাই ভিন্ন। গ্রহ দুটির আয়তনের একটা বড় অংশ জুড়ে সম্ভবত পানি।’

তবে, সম্ভবত নীল সাগর নয়, উত্তপ্ত বায়ুমণ্ডলে ভেসে বেড়ানো জলীয় বাষ্প ঢেকে রেখেছে গ্রহ দুটিকে। গবেষক দলের প্রধান এবং ইউনিভার্সিটি অব মন্ট্রিয়ালের ক্যারোলিন পলেট বলেন, ‘কেপলার-১৩৮সি ও ডি গ্রহ দুটির বায়ুমণ্ডলের তাপমাত্রা সম্ভবত ফুটন্ত পানির চেয়েও বেশি এবং আমরা গ্রহ দুটিতে ঘন জলীয়বাষ্পের স্তর প্রত্যাশা করছি।’

জলীয়বাষ্পের বায়ুমণ্ডলের নিচে তরল পানি থাকার সম্ভাবনাও ফেলে দিচ্ছেন না গবেষকরা। কেপলার জুটিকে তারা তুলনা করছেন বৃহস্পতি আর শনির চাঁদ ইউরোপা আর এনসেলাডাসের সঙ্গে। ওই দুটি উপগ্রহেও পানির অস্তিত্ব আছে বলে মনে করেন মহাকাশ গবেষকরা। তবে ওই দুই উপগ্রহের সঙ্গে কেপলার জুটির পার্থক্য হলো, নিজ নক্ষত্রের অনেক কাছে অবস্থান করছে গ্রহ দুটি।

নাসার কেপলার স্পেস টেলিস্কোপ গ্রহ দুটিকে চিহ্নিত করেছিল আগেই। কিন্তু এতদিন গ্রহ দুটির বায়ুমণ্ডলের গঠন উপাদান নিয়ে নিশ্চিত হতে পারেননি গবেষকরা। সে কাজে সহযোগিতা করেছে নাসার হাবল ও স্পিটজার টেলিস্কোপ।

টেলিস্কোপে সরাসরি নীল রঙের পানি চোখে পড়েনি মহাকাশ বিজ্ঞানীদের। তবে, গ্রহগুলোর আকার ও ভর নির্ধারণের জন্য যথেষ্ট তথ্য উপাত্ত সংগ্রহ করতে পেরেছিলেন তারা। সে তথ্য নিয়ে পরীক্ষাগারের মডেলের সঙ্গে তুলনা বিচার করে গবেষকরা বলছেন, গ্রহ দুটির আয়তনের একটা বড় অংশ গঠিত হয়েছে পাথরের চেয়ে হালকা কিন্তু

হাইড্রোজেন বা হিলিয়াম গ্যাসের চেয়ে ভারি কোনো উপাদান দিয়ে। সে কারণেই পানির কথা আসছে।

অ্যাপ স্টোর ছাড়াও অ্যাপ নামানো যাবে আইফোন-আইপ্যাডে

অ্যাপলের অ্যাপ স্টোর ছাড়াও অন্য প্রতিষ্ঠানের অ্যাপ স্টোর থেকে অ্যাপ নামিয়ে ব্যবহার করতে পারবেন আইফোন ও আইপ্যাড ব্যবহারকারী। শুনতে অবাক লাগলেও ব্যবহারকারীদের জন্য এ সুবিধা চালু করা হবে বলে জানিয়েছে অ্যাপল। নতুন এ সুবিধা চালু হলে চাইলেই অ্যাপ স্টোরের পাশাপাশি অন্য অ্যাপ স্টোর থেকে বিভিন্ন অ্যাপ বা গেম নামিয়ে আইফোন ও আইপ্যাডে ব্যবহার করা যাবে।

আইফোন ও আইপ্যাডে তৃতীয় পক্ষের অ্যাপ স্টোর ব্যবহারের সুযোগ দিতে কাজও শুরু করেছে অ্যাপল। ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) আইন মেনে চলতে এই উদ্যোগ নিয়েছে প্রতিষ্ঠানটি। আগামী বছর বাজারে আসতে যাওয়া আইওএস ১৭ অপারেটিং সিস্টেমে চলা যন্ত্রে এ সুযোগ চালু হতে পারে। প্রাথমিকভাবে এ সুবিধা শুধু ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশগুলোতে পাওয়া যাবে।

অ্যাপলের সফটওয়্যার প্রকৌশলী ও কর্মীরা বিষয়টি নিয়ে বর্তমানে পুরোদমে কাজ করছেন। এ সুবিধা চালু হলে অ্যাপল অ্যাপ স্টোরের ওপর নির্ভরশীল থাকতে হবে না আইফোন ও আইপ্যাড ব্যবহারকারীদের। শুধু তা-ই নয়, ফলে অ্যাপ বিক্রির সময় অ্যাপলকে ৩০ শতাংশ কমিশনও দিতে হবে না নির্মাতাদের।

ইউরোপের বিভিন্ন নিয়ন্ত্রক সংস্থা ও সফটওয়্যার নির্মাতাদের অভিযোগ, অ্যাপল নিয়ন্ত্রণকারীর মতো আচরণ করছে। নিজেদের প্ল্যাটফর্মে থাকা পণ্য ব্যবহারে বাধ্য করার পাশাপাশি জোর করে মোটা অঙ্কের অর্থও আদায় করছে।

সূত্র: ইন্ডিয়া টাইমস

টুইটারে ভুয়া তথ্য ধরতে কমিউনিটি নোটস সুবিধা চালু

ভুয়া তথ্যের সন্ধান পেতে সবার জন্য কমিউনিটি নোটস সুবিধা চালু করেছে খুদে ব্লগ লেখার সাইট টুইটার। এ সুবিধা চালুর ফলে ব্যবহারকারীরা ভুয়া তথ্য বা সংবাদের বিষয়ে টুইটারকে সরাসরি জানাতে পারবেন। ব্যবহারকারীদের মতামত পাওয়ার পর তথ্য পর্যালোচনা করে ব্যবস্থা নেবে টুইটার। ফলে দ্রুত ভুয়া তথ্য শনাক্তের পাশাপাশি সেগুলো মুছে ফেলা যাবে। এত দিন যুক্তরাষ্ট্রে বসবাসকারীরা এ সুবিধা পেলেও এখন বিশ্বের বিভিন্ন দেশে ব্যবহার করা যাবে।

টুইটার জানিয়েছে, কমিউনিটি নোটস সুবিধা চাইলেই সবাই ব্যবহার করতে পারবেন না। টুইটারের নীতিমালা ভঙ্গ না করা এবং কমপক্ষে ছয় মাস আগে খোলা অ্যাকাউন্টগুলোতে এ সুবিধা পাওয়া যাবে। শুধু তা–ই নয়, ব্যবহারকারীদের ফোন নম্বরও যাচাই করা হবে। অ্যান্ড্রয়েড এবং আইওএস অপারেটিং সিস্টেমে চলা ফোনের পাশাপাশি কম্পিউটারেও এ সুবিধা ব্যবহার করা যাবে।

ব্যবহারকারীদের দেওয়া বিভিন্ন তথ্যের সত্যতা যাচাইয়ের পর নম্বর দেবে টুইটার। পাঁচ নম্বর পেলে সরাসরি নোটস লেখা যাবে। তবে পাঠানো বার্তায় অন্য ব্যবহারকারীরা একাধিক ‘নট হেল্পফুল’ রেটিং দিলে কমিউনিটি নোটস লেখার সুবিধা বাতিল হয়ে যাবে।
সূত্র: টাইমস অব ইন্ডিয়া